কমিউনিটি তে কাদেরকে ইমিগ্রেশন এন্ড কাস্টমস এনফোর্সমেন্ট (মানে ICE / আইস) গ্রেফতার করছে,
তার উপর ইমিগ্র্যান্ট ডিফেন্স প্রোজেক্ট (Immigrant Defense Project) নজর রেখেছে।

# আইসের সঙ্গে আপনার অধিকার গুলো জানুন




## আইস (ICE)-এর দ্বারা গ্রেফতার হওয়ার ঝুঁকিতে আছেন কারা?

আইন ফেডারেল সরকারকে নির্দিষ্ট অভিবাসীদের বিতাড়িত করার অনুমতি দেয়, যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে :

- যাদের বৈধ কোন অভিবাসন অবস্থা নেই
- যাদের অভিবাসনের অবস্থা রয়েছে (যেমন: স্থায়ী বাসিন্দা, শরণার্থী বা ভিসাধারী) কিন্তু নির্দিষ্ট কিছু অপরাধমূলক অপরাধে দোষী সাব্যস্ত করা হয়েছে

ফেডারেল সরকার ICE-কে নির্দেশ দেয় যে তারা কাকে লক্ষ্য করবে বা গ্রেফতারের ক্ষেত্রে অগ্রাধিকার দেবে। কিন্তু বাস্তবে ICE কর্মকর্তারা সিদ্ধান্ত নেয় আসলে তারা কাকে গ্রেফতার করবে, যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে :

- যাদের বিরুদ্ধে চূড়ান্ত বহিষ্কার আদেশ (নির্বাসনের আদেশ) রয়েছে,
- যারা বহিষ্কারের যোগ্য এবং যাদের বিরুদ্ধে অপরাধমূলক মামলা চলমান রয়েছে এবং/অথবা পূর্বে অপরাধমূলক দন্ড রয়েছে,
- যারা অবৈধভাবে যুক্তরাষ্ট্রে প্রবেশ করেছে এবং কোনো অভিবাসন অবস্থা নেই, অথবা
- যারা "জননিরাপত্তা" বা "জাতীয় নিরাপত্তার" জন্য হুমকি সৃষ্টি করে ।

ফেডারেল প্রশাসন এই অগ্রাধিকারগুলি পরিবর্তন করতে পারে । এমনকি আপনি যদি মনে করেন যে আপনি ICE -এর গ্রেফতার অগ্রাধিকারের মধ্যে পড়েন না, তবুও ICE আপনাকে গ্রেফতার করার সিদ্ধান্ত নিতে পারে যদি আপনি নির্বাসনের ঝুঁকিতে থাকেন ।

### আপনে যদি একজন লিগাল পার্মানেন্ট রেসিডেন্ট (মানে এল পি আর / LPR) এবং আপনার যদি আগের কোনো অপরাধের জন্য শাস্তির রায় বা রেকর্ড আছে

সতর্ক হোন: আপনি টার্গেট হতে পারেন, যদিও আপনার :

- অপরাধ, গ্রেফতার বা শাস্তির রায় অনেক বছর আগে হয়েছিল;
- জেলে কোনো সময় কাটানো হয়নি;
- অপরাধ অনেক ছোট বা সামান্য ছিল;
- এখানে আপনি অনেক দিন ধরে লিগাল পার্মানেন্ট রেসিডেন্ট (এল পি আর) হিসেবে আছেন; এবং / অথবা
- পরিবারের বাকি সবাই এখানকার সিটিজেন।

ইমিগ্রেশন এন্ড কাস্টমস এনফোর্সমেন্ট (অথবা ICE / আইস) যুক্তরাষ্ট্রীয় সরকারের এজেন্সির মধ্যে একটা এজেন্সী। তারা লোকজন কে আমেরিকা থেকে বিতাড়িত করার (ডিপোর্ট করার) জন্য দায়িত্বপ্রাপ্ত। আইস (ICE) U.S. ডিপার্টমেন্ট অফ হোমল্যান্ড সিকিউরিটির (DHS)-এর একটি অংশ ।

## ICE এজেন্টরা কি এমন কাউকে আটকানোর চেষ্টা করছে যাদের তারা মনে করে যে তারা নির্বাসন দিতে পারবে ?

ICE এজেন্টরা সাধারণত আগে থেকেই নির্ধারণ করে কাকে তারা গ্রেফতার করতে চায় । এরপর তারা সেই ব্যক্তিকে খুঁজতে বাড়ি, আদালত, আশ্রয়কেন্দ্র এবং কর্মস্থলে যায় । কখনও কখনও তারা কোনও ব্যক্তিকে খুঁজে বের করার অন্যান্য উপায় সম্পর্কে তথ্য সংগ্রহ করতে কোন বাড়িতে যায়, তাদের কর্মস্থলে যায় । ক্রমবর্ধমানভাবে, তারা রাস্তায় অপেক্ষা করেও গ্রেফতার করছে ।

ICE এজেন্টদের জন্য শুধু কারও চেহারা বা তার কথার ভাষার উপর ভিত্তি করে কাছে গিয়ে তাদের নথিপত্র চাওয়া অবৈধ । যদি এমন কিছু ঘটে থাকে, তবে ICE -এর অন্য যেকোনো কার্যক্রমের মতোই, এক্ষেত্রেও আপনার নীরব থাকার অধিকার রয়েছে ।

### যদি আমি জানি যে আইস-এর হাতে আমার গ্রেফতার হবার অথবা বিতাড়িত হওয়ার ঝুঁকি আছে, তাহলে আমি কি করবো?

- একটা পরিকল্পনা করুন - আইস আপনাকে তুলে নিয়ে গেলে আপনি কি করবেন তা নিয়ে যাদের উপরে আপনার ভরসা আছে (আপনবার পরিবার / বন্ধু বান্ধব ) তাদের সঙ্গে একটা পরিকল্পনা করুন !
- ইমিগ্রেশনের কাছ থেকে দূরে থাকবেন এবং ইমিগ্রেশনের সঙ্গে যোগাযোগ না করাই ভালো - এই সময়ে আপনার ইমিগ্রেশন স্টেটাস বদলানোর জন্য এপ্লাই করবেন না, গ্রিনকার্ড রিনিউ করবেন না এবং আপনার উকিল এর সঙ্গে কথা বলার আগে, উনার পরামর্শ নেয়ার আগে, আমেরিকার বাহিরে ভ্রমণ করবেন না।
- ক্রিমিনাল জাস্টিস সিস্টেমের কাছ থেকে দূর থাকবেন! (পুলিশ আপনার আঙুলের ছাপ ইমিগ্রেশনের সঙ্গে শেয়ার করে)

## যদি আপনাকে বা আপনার কাছের কারো বিতাড়িত করবার সম্ভাবনা থাকতে পারে , অবশ্যই একটা প্ল্যান বানাবেন!

আপনার কোন কোন অধিকার রয়েছে তা জানা এবং সেগুলি প্রয়োগ করা জটিল হতে পারে । আরও তথ্যের জন্য ভিজিট করুন: immdefense.org/kyr

এই তথ্যগুলো দেওয়া হচ্ছে তথ্য প্রদান করার উদ্দেশ্যে, এটা আইনি পরামর্শ নয়. ফেব্রুয়ারী ২০২৫-এ আপডেট করা হয়েছে

## স্থানীয় সংগঠণগুলোর তথ্য :

Licensed under a Creative Commons Attribution-NonCommercial 4.0 Intl. License. (creativecommons.org/licenses/by-nc/4.0)

### রাস্তায় কিংবা কোনো পাবলিক স্থানে যদি কোনো আইস এজেন্ট আমার দিকে এগিয়ে আসে তাহলে আমি কি করবো?

সাধারণত যদি আইস এজেন্টরা পাবলিক জায়গায় কাউকে এরেস্ট করার চেষ্টা করে, খুব তাড়াতাড়ি উনারা এরেস্ট করে ফেলে। তারা সাধারণত আপনার নাম জোরে ডাকবে অথবা আপনাকে জিজ্ঞেস করবে আপনার নাম কি, নাম নিশ্চিত করার জন্য। জলদি আপনার নাম কোনোভাবে নিশ্চিত করার পর, তারা এরেস্ট করে।

- আপনি আপনার নাম বলার আগে, কিছুই বলার আগে, আপনি জিজ্ঞেস করবেন "এম আই ফ্রি টু গো?" ("AM I FREE TO GO?" / "আমি কি যেতে পারি?")
  - তারা যদি হ্যাঁ বলে : তাহলে আপনি বলবেন "আই ডোন্ট ওয়ান্ট টু আনসার ইওর কোয়েশ্চেন" (মানে "আমি আপনার কোনো প্রশ্নের জবাব দিতে চাই না") অথবা বলবেন "আই উড রাদার নট স্পিক উইথ ইউ রাইট নাউ" (মানে "আমি এখন আপনার সঙ্গে কথা বলতে চাচ্ছি না")। ওদের কাছ থেকে হেটে চলে যাবেন।
  - তারা যদি না বলে : আপনার চুপ করে থাকার অধিকার অবশ্যই ব্যবহার করবেন! আপনি তাদেরকে বলতে পারেন : "আই ওয়ান্ট টু ইউজ মাই রাইট নট টু আনসার কোয়েশ্চেনস" (মানে "আমার চুপ করে থাকার অধিকার আছে, সেই অধিকার আমি ব্যবহার করতে চাই")। তারপরে বলবেন "আই ওয়ান্ট টু স্পিক টু এ ল-ইয়ার" (মানে "আমি একটা উকিলের সঙ্গে পরামর্শ করতে চাই")।
- যদি আইস এজেন্টরা আপনার পকেট বা আপনার জিনিসপত্র সার্চ / অনুসন্ধান করার চেষ্টা করে, তাহলে বলবেন : "আই ডু নট কনসেন্ট টু এ সার্চ" (মানে "আমি এই সার্চের জন্য কোনো অনমুতি দিচ্ছি না")।
- কোনো কারণে আপনি মিথ্যে কথা বলবেন না অথবা কোনো নকল কাগজপত্র দেখাবেন না। পালানোর চেষ্টা করবেন না অথবা গ্রেফতারের সময় কোনো শারীরিক ভাবে বাধা দেওয়ার চেষ্টা করবেন না।
- আপনার ইমিগ্রেশন স্টেটাস সমন্ধে কোনো প্রশ্নের উত্তর দেবেন না আর বলবেন না আপনার জন্মস্থান কোথায়। আপনি যা কিছু তাদেরকে বলবেন, তারা সব কথা আপনার বিরুদ্ধে ব্যবহার করবে। আপনি কোনো দরকারি ডকুমেন্টস / কাগজপত্র তাদেরকে দেবেন না, যেমন আপনার পাসপোর্ট, কনস্যুলার আই ডি, অথবা কোনো এক্সপায়ারড / পুরোনো ভিসা।
- আপনার যদি ক্রিমিনাল কোর্টে কোনো কোর্ট ডেট থাকে তাহলে আপনার উকিল বা পাবলিক ডিফেন্ডারের সঙ্গে কথা বলার জন্য রিকোয়েস্ট করবেন.

### আমার বাসায় যদি কোনো আইস এজেন্ট আসে, আমি কি বুঝতে পারবো তারা কে?

না, সবসময়ই বুঝা যায় না যে তারা আইস এজেন্ট! সতর্ক থাকবেন: আইস এজেন্টরা মাঝে মাঝে পুলিশ হওয়ার ভান করে আর বলে যে আপনার সঙ্গে পরিচয় প্রতারণা অথবা কোনো চলমান তদন্ত সমন্ধে কথা বলতে চায়.



### আইস এজেন্টরা কি আমার ঘরে ঢুকে আমাকে এরেস্ট / গ্রেফতার করতে পারে?

যদি আইস এজেন্টদের কাছে কোনো বিচারকের সই করা ওয়ারেন্ট না থাকে, তাহলে তারা আপনার বাসায় ঢুকতে পারবে না. তাদের অনমুতির দরকার আছে. আপনার ঘরের দরজার ওপর নক করা মানে এই না যে তারা আপনার ঘরে ঢুকার অনুমুতি পেয়েছে।

### যদি কোনো অফিসার আমার দরজায় আসে, তাহলে আমি কি করবো?

- জানার চেষ্টা করুন - তারা কে DHS থেকে এসেছে নাকি ICE থেকে এসেছে।
- আপনি শান্ত থাকার চেষ্টা করবেন. তাদের সাথে ভদ্র ভাবে কথা বলবেন. মিথ্যে কথা বলবেন না. বলবেন "আই ডোন্ট ওয়ান্ট টু টক্ টু ইউ রাইট নাউ" (মানে "আমি এখন আপনার সঙ্গে কথা বলতে চাচ্ছি না")।
- ভদ্র ভাবে তাদেরকে জিজ্ঞেস করবেন বিচারক অথবা জাজের সই করা ওয়ারেন্ট দেখানোর জন্য - অনুরোধ করবেন তারা যেন সই করা ওয়ারেন্ট দরজার নিচে দিয়ে আপনাকে দেয় যেন আপনি ওয়ারেন্ট টা দেখতে পান। যদি তাদের কাছে কোনো ওয়ারেন্ট না থাকে, তাহলে বাসার ভিতরে ঢুকার অনুমতি দেবেন না।
- যদি তারা অন্য কাউকে খুঁজে, তাদেরকে তাদের সাথে যোগাযোগের তথ্য রেখে যেতে বলবেন। যার খোঁজে তারা আসছে, তার সম্বন্ধে কিছু বলা জরুরি না। আপনি মিথ্যা কথা বলবেন না।

### যদি এরেস্ট করার জন্য আইস আমার বাসায় ঢুকে পরে, তাহলে আমি কি করবো?

- বাসায় যদি কোনো বাচ্চা থাকে বা কেউ যদি থাকে যে সুরক্ষিত নেই, তাদের সমন্ধে বলবেন ওদেরকে।
- যদি ওদের কাছে কোনো ওয়ারেন্ট না থেকে (যে ওয়ারেন্ট এ একটা বিচারকের সই আছে), বলবেন ওদেরকে বাসার বাইরে থাকতে।
- যদি আপনার অনমুতি ছাড়া আপনার বাসায় ঢুকে পরে, তাহলে বলবেন "আই ডু নট কনসেন্ট টু ইউ বিয়িং ইন মাই হোম. প্লিজ লিভ" (মানে "আমি আপনাদেরকে আমার বাসায় ঢুকার জন্য অনমুতি দেই নি। অনুগ্রহ করে চলে যান )।
- যদি আপনার রুম, ঘর বা জিনিসপত্র সার্চ / তল্লাশি শুরু করে, তাহলে বলবেন "আই ডু নট কনসেন্ট টু ইওর সার্চ" (মানে "আমি এই সার্চের জন্য অনমুতি দিচ্ছি না" )।
- যদি আইস আপনাকে এরেস্ট/গ্রেফতার করে, আপনার কোনো মেডিকাল প্রব্লেম থাকলে বলবেন। আপনার সন্তানদের দেখাশোনার ব্যবস্থা যদি লাগে তাহলেও উনাদেরকে বলবেন।

### আইস (ICE) এর হাতে এরেস্ট হওয়ার সময় আমার কি অধিকার আছে?

- আপনার চুপ করে থাকার অধিকার আছে. আপনি একজন উকিলের সঙ্গে কথা বলবেন সেই অধিকার আছে.
- কোনো ভাবেই মিথ্যা কথা বলবেন না. মিথ্যা কথা আপনার ভবিষ্যতের জন্য ক্ষতিকর হবে।
- আপনার জন্মস্থান, ইমিগ্রেশন স্টেটাস, বা কোনো ক্রিমিনাল রেকোর্ডের ব্যাপার তাদের সঙ্গে শেয়ার করতে হবে না। তাদের প্রশ্নের উত্তর দেওয়ার পরিবর্তে জিজ্ঞেস করবেন একটা উকিলের সঙ্গে কথা বলার জন্য।
- কোনো পাসপোর্ট বা কনস্যুলার আই ডি তাদেরকে দিতে হবে না, যদি তাদের কাছে কোনো জাজের সই করা ওয়ারেন্ট না থাকে।
- কোনো কিছুর উপর আপনার সাইন করতে হবে না।

IMMIGRANT DEFENSE PROJECT

আই ডি পি (IDP) এই তথ্যগুলো হালনাগাদ করেছে ফেব্রুয়ারী, ২০২৫-এ

আরো তথ্যের জন্য ভিজিট করুন : immdefense.org/kyr

KYR@immdefense.org